গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গবেষণা ও উন্নয়ন
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা),নিউ বেইলি রোড, ঢাকা।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৭.১১.০০১.২১- ৯০৯ | তারিখ: ২৪ ভাদ্র, ১৪২৯ / ০৮ সেপ্টেম্বর, ২০২২

**বিষয়: এনসিটিবি কর্তৃক জাতীয় শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণের নিমিত্ত মাদ্রাসার শিক্ষকদের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

**সূত্র: এনসিটিবি'র স্মারক নং- ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.১৯/১১৮৩(০১)/৩; তারিখ: ০৭ আগষ্ট ২০২২**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর সূত্রোক্ত স্মারকের প্রস্তাবনা অনুযায়ী নতুন শিক্ষাক্রম বাস্তবায়নের লক্ষ্যে সারাদেশের মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। তৎপ্রেক্ষিতে সারাদেশের সকল এমপিওভুক্ত কিংবা এমপিওবিহীন (পাঠদান/স্বীকৃতিপ্রাপ্ত) মাদ্রাসার ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে বাংলা, ইংরেজি, গণিত. ভৌতবিজ্ঞান/জীববিজ্ঞান (পূর্বের বিজ্ঞান), সামাজিক বিজ্ঞান (পূর্বের ইতিহাস ও সামাজিক বিজ্ঞান), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (পূর্বের ডিজিটাল প্রযুক্তি), ব্যবসায় শিক্ষা/কৃষি (পূর্বের জীবন ও জীবিকা), শারীরিক শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান/জীববিজ্ঞান (পূর্বের স্বাস্থ্য সুরক্ষা) এবং শিল্প ও সংস্কৃতি বিষয়ের শিক্ষক কিংবা উক্ত বিষয়ে পাঠদান করেন, এরূপ শিক্ষকদের তথ্যাদি প্রয়োজন।

এমতাবস্থায়, এনসিটিবি'র চাহিদা মোতাবেক শিক্ষকদের তথ্যাদি তাঁর আওতাধীন মাদ্রাসাসমূহের অধ্যক্ষ/সুপারদের থেকে সংগ্রহপূর্বক https://forms.gle/jiQHeXErH5XtQJRb8 -লিংকে অথবা www.memis.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে নির্ধারিত Google Form এ আগামী ১৫/০৯/২০২২ তারিখের মধ্যে সংযুক্ত গাইডলাইন অনুযায়ী তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ তথ্যাদি শুধুমাত্র NCTB কর্তৃক প্রশিক্ষণ কার্যক্রমের জন্য প্রযোজ্য হবে। এ বিষয়ে জরুরী প্রয়োজনে মুহম্মদ হোসাইন, পরিদর্শক, মাশিঅ (০১৮১৩৬৮৫৫১০) এবং মোঃ শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস (০১৩০৭৬০১৭৮৭) যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তি: (১) Google Form সংক্রান্ত গাইডলাইন।
(২) NCTB গাইডলাইন।

০৮/৯/২২
মোঃ জিয়াউল আহসান
পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

(১) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, -------(সকল)
(২) অধ্যক্ষ/সুপার, সরকারি মাদ্রাসা/বেসরকারি মাদ্রাসা, ----------(সকল)

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৭.১১.০০১.২১- | তারিখ: ২৪ ভাদ্র, ১৪২৯ / ০৮ সেপ্টেম্বর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক মেমিস মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৪. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপজেলা নির্বাহী অফিসার............. (সকল)
৬ . জেলা শিক্ষা অফিসার...... (সকল) (আওতাধীন সকল মাদ্রাসার তথ্য প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
৭ .অফিস নথি।

08.09.2022
মুহম্মদ হোসাইন
পরিদর্শক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

NCTB কর্তৃক শিক্ষকদের প্রশিক্ষণের জন্য তথ্য প্রেরণ ফরম
সকল শিক্ষকদের তথ্য পৃথক-পৃথক ফরমে SUBMIT করতে হবে, ফরম ইংরেজিতে পূরণ করুন
**(এ তথ্যাদি শুধুমাত্র NCTB কর্তৃক প্রশিক্ষণের কার্যক্রমের জন্য প্রযোজ্য হবে। )**

* Required

EIIN NO *

Your answer

MADRASHA NAME *

Your answer

MPO Enlisted *

- YES
- NO

Division

Choose

M. [signature]

District

Choose

Upazilla/Thana *

Your answer

TEACHER NAME *

Your answer

INDEX NO

Your answer

NID *

Your answer

Designation *

Your answer

Mobile no

Your answer

E-mail

Your answer

শিক্ষকদের (বিদ্যমান) - বিষয় *

Choose

শিক্ষকদের প্রশিক্ষণের (নতুন শিক্ষাক্রমের) বিষয় *

Choose

বিষয়ের দক্ষতা ও আগ্রহ বিবেচনায় নিয়ে অধ্যক্ষ/সুপার নাম প্রস্তাব করতে পারবেন *

○ সকল তথ্য সঠিক আছে মর্মে প্রেরণ করা হল।

Submit

Clear form

Never submit passwords through Google Forms.

This content is neither created nor endorsed by Google. Report Abuse - Terms of Service - Privacy Policy

Google Forms

সংযুক্তি-১

# মাদ্রাসায় বিষয়ভিত্তিক পদে কর্মরত শিক্ষকদের জন্য

| ক্রম | নতুন শিক্ষাক্রমের বিষয় | বিষয়ভিত্তিক পদ (বিদ্যমান) |
|---|---|---|
| ১. | বাংলা | বাংলা |
| ২. | ইংরেজি | ইংরেজি |
| ৩. | গণিত | গণিত |
| ৪. | বিজ্ঞান | ভৌতবিজ্ঞান / জীববিজ্ঞান |
| ৫. | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | সামাজিক বিজ্ঞান |
| ৬. | ডিজিটাল প্রযুক্তি | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি |
| ৭. | জীবন ও জীবিকা | ব্যবসায় শিক্ষা / কৃষি |
| ৮. | স্বাস্থ্য সুরক্ষা | শারীরিক শিক্ষা / গার্হস্থ্য বিজ্ঞান / জীববিজ্ঞান |
| ৯. | শিল্প ও সংস্কৃতি | বিষয়ের দক্ষতা ও আগ্রহ বিবেচনায় নিয়ে অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট নাম প্রস্তাব করতে পারেন |

**২০২৩ সাল থেকে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে প্রণীত নতুন পাঠ্যপুস্তক ও শিখন সামগ্রীর বাস্তবায়ন শুরু হচ্ছে। উক্ত শিক্ষাক্রমে মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে বিশেষায়িত বিষয়গুলো ব্যতীত ৯টি বিষয় রয়েছে। মাদ্রাসাসমূহে বিদ্যমান পদগুলোতে যারা শিক্ষক হিসেবে বর্তমানে কর্মরত রয়েছেন, তারা নতুন শিক্ষাক্রম অনুযায়ী কে কোন বিষয়ে শ্রেণি শিখন শেখানো কার্যক্রম পরিচালনা করবেন এবং কোন বিষয়ে প্রশিক্ষণ নিতে পারবেন তা উপরের তালিকায় বিন্যস্ত করা হয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ এই তালিকা অনুসরণ করে তাঁর প্রতিষ্ঠানে শিক্ষকগণের জন্য বিষয় বণ্টন করবেন। এক্ষেত্রে নিম্নে বর্ণিত বিষয়গুলো লক্ষ্য রাখতে হবে:

- তালিকা অনুসরণ করে প্রতিষ্ঠান প্রধানগণ তাঁর শিক্ষকগণের জন্য বিষয় বণ্টন করে অনলাইনে বিষয়ভিত্তিক শিক্ষকগণের ডাটা এন্ট্রি দিবেন। অনলাইন এন্ট্রি সংক্রান্ত তথ্য পরবর্তী সময়ে জানানো হবে।
- মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে বিশেষায়িত বিষয়ভিত্তিক শিক্ষক ব্যতীত সাধারণ শিক্ষার সকল বিষয়ের শিক্ষককে পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী নির্বাচিত বিষয়সমূহের কোনো না কোনো বিয়য়ে নাম অনলাইনে এন্ট্রি দিতে হবে।
- কোনো মাদ্রাসায় সাধারণ বিষয়ভিত্তিক শিক্ষকের সংখ্যা ১০জন হলে ১০জন শিক্ষককে পরিমার্জিত শিক্ষাক্রমের ১০টি বিষয়ে বণ্টন করে দিতে হবে। একটি বিষয়ে একাধিক শিক্ষক এবং কোনো বিষয়ে শিক্ষক নেই এভাবে বণ্টন করা যাবে না।
- শিক্ষক সংখ্যা ১০ জনের অধিক হলে ম্যাচিং তালিকা অনুযায়ী নতুন শিক্ষাক্রমের ১০ টি বিষয়ে ১০ জনকে দায়িত্ব বণ্টনের পর অন্যান্য শিক্ষকদের জন্য তালিকা অনুযায়ী বিষয় বণ্টন করতে হবে।
- শিক্ষক সংখ্যা ১০ জনের কম হলে ম্যাচিং তালিকা অনুযায়ী তাদের বিষয় বণ্টন করে অতিরিক্ত দায়িত্ব হিসেবে অন্যান্য বিষয়গুলো তাদের নিজ বিষয়, আগ্রহ ও দক্ষতা বিবেচনায় রেখে বণ্টন করে দিতে হবে।
- খন্ডকালীন শিক্ষককে (যারা কমপক্ষে ৩মাস যাবৎ কর্মরত) শিক্ষকদের জন্যও তার নিজ বিষয় ও যোগ্যতা বিবেচনা করে বিষয় বণ্টন করা যেতে পারে।
- চারু ও কারুকলা শিক্ষক না থাকলে শিল্প ও সংস্কৃতি বিষয়ের ক্ষেত্রে আগ্রহী কিংবা এই বিষয়ে দক্ষতা আছে এই ধরনের শিক্ষককে উক্ত বিষয়ের দায়িত্ব বণ্টন করা যেতে পারে।

- ২০১৮ এর জনবল কাঠামোর পূর্বে নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষক পদে যারা কর্মরত আছেন তাদের মূল বিষয় বিবেচনায় রেখে তাদের জন্য বিষয় নির্ধারণ করা যেতে পারে।
- মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে বিশেষায়িত বিষয়গুলো পূর্বের নিয়মেই বন্টন থাকবে।